



বিষয় : পদ পরিবর্তন

সঠিক উত্তরটি নির্বাচন কর :-

- ১। মূল বিষয়টা হল এইরকম - 'মূল' শব্দের পদ পরিবর্তন হল —
(ক) মৌল (খ) মৌলিক
(গ) মূলীয় (ঘ) কোনটি নয়
- ২। সবচেয়ে বড় ধর্ম হল মানব ধর্ম। 'ধর্ম' শব্দের পদ পরিবর্তন হল —
(ক) ধর্মীয় (খ) ধম্ম
(গ) ধার্মিক (ঘ) কোনটি নয়
- ৩। ভারতীয় পুরাণ সম্পর্কে তোমাদের জ্ঞান থাকা আবশ্যিক। 'পুরাণ' শব্দের পদ পরিবর্তন হল —
(ক) পৌরাণিক (খ) পুরাণো
(গ) পুরোনো (ঘ) কোনটি নয়
- ৪। 'নিশা' শব্দের পদ পরিবর্তন হল —
(ক) নিশি (খ) নৈশ
(গ) নিশানা (ঘ) কোনটি নয়
- ৫। 'আকর্ষণ' শব্দের পদ পরিবর্তন হল —
(ক) আকর্ষিত (খ) আকর্ষণীয়
(গ) আকৃষ্ট (ঘ) কোনটি নয়
- ৬। 'দয়া' শব্দের পদ পরিবর্তন হল —
(ক) দয়ালু (খ) দয়াবান
(গ) দয়ার্দ্র (ঘ) কোনটি নয়
- ৭। পূর্ব দিকে সূর্য উদিত হয়। - 'সূর্য' শব্দের পদ পরিবর্তন হল —
(ক) সূর্যা (খ) সৌর্য
(গ) সূর্যীয় (ঘ) সৌর
- ৮। এসেছে শরৎ হিমের পরশ। 'শরৎ' শব্দের পদ পরিবর্তন হল —
(ক) শারদীয় (খ) শারদীয়া
(গ) শারদ (ঘ) কোনটি নয়
- ৯। দুঃখ বিনা সুখলাভ হয় কি মহীতে। 'দুঃখ' শব্দের পদ পরিবর্তন হল —
(ক) দুঃখী (খ) দুঃখিত
(গ) দুখী (ঘ) কোনটি নয়
- ১০। ঈশ্বর তোমার মঙ্গল করুন — 'ঈশ্বর' শব্দের পদ পরিবর্তন হল —
(ক) ঈশ্বরী (খ) ঐশ্বরিক
(গ) ঐশ্বর্য (ঘ) কোনটি নয়

- ১১। 'বায়ু' শব্দের পদ পরিবর্তন হল —
(ক) বাতাস (খ) বায়ব
(গ) বায়বীয় (ঘ) কোনটি নয়
- ১২। বর্ষ বরণ অনুষ্ঠান শুরু হল। 'বরণ' শব্দের পদ পরিবর্তন হল —
(ক) বরণীয় (খ) বরণ্য
(গ) বর্ণময় (ঘ) কোনটি নয়
- ১৩। 'জল' শব্দের পদ পরিবর্তন হল —
(ক) জোলো (খ) জলীয়
(গ) জলজ (ঘ) কোনটি নয়
- ১৪। 'দর্শন' শব্দের পদ পরিবর্তন হল —
(ক) দার্শনিক (খ) দর্শনীয়
(গ) দৃশ্যমান (ঘ) দৃষ্ট/দ্রষ্টব্য
- ১৫। 'বিদেশ' শব্দের পদ পরিবর্তন হল —
(ক) বিদেশী (খ) বৈদেশিক
(গ) বিদেশীয় (ঘ) কোনটি নয়

Amit Kundu
